

বাংলাদেশ দূতাবাস

আবুধাবি, সংযুক্ত আরব আমিরাত

১৫ আগষ্ট ২০২৩

প্রেস রিলিজ

বাংলাদেশ দূতাবাস, আবুধাবি বিভিন্ন কর্মসূচীর মাধ্যমে যাথযোগ্য মর্যাদায় অত্যন্ত ভাবগাম্ভীর্যের সাথে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৮তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন করা হয়েছে। দূতাবাসের সকল কর্মকর্তা-কর্মচারী, তাদের সহধর্মিনী, বাংলাদেশ লেডিস এ্যাসোসিয়েশনের নেতৃবৃন্দ, জনতা ব্যাংক, বিমান বাংলাদেশ, বাংলাদেশ কমিউনিটি স্কুলের নেতৃবৃন্দ, বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দ, গণমাধ্যমকর্মী সহ বর্ষস্তরের প্রবাসীবৃন্দ এ অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। দিবসের কর্মসূচীর মধ্যে ছিল জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, তাঁর স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে ১ মিনিট নিরতবা পালন, প্রামাণ্যচিত্র প্রদর্শনী এবং তাঁর জীবন ও কর্মের উপর আলোচনা ইত্যাদি। দূতাবাসের কর্মকর্তাবৃন্দ এ দিবস উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রী ও পররাষ্ট্র প্রতিমন্ত্রী কতৃক প্রদত্ত বাণী পাঠ উপস্থাপন করেন। এ দিবস উপলক্ষ্যে দূতাবাস ও রাষ্ট্রদূতের বাসভবনে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয়।

মান্যবর রাষ্ট্রদূত জাতির পিতার জীবনী আলোচনা করতে গিয়ে বলেন যে, বঙ্গবন্ধু শুধু বাংলাদেশের মুক্তিকামী মানুষকেই স্বাধীনতা উপহার দেননি; বরং সমগ্র পৃথিবীর মুক্তিকামী মানুষের জন্য তিনি ছিলেন সংগ্রামের এক অনন্য অনুপ্রেরণা। ব্রিটিশবিরোধী আন্দোলন থেকে শুরু করে স্বাধীকার ও স্বাধীনতা আন্দোলনের প্রাণপুরুষ হিসেবে অসামান্য অবদান রাখার কারণে বাংলা জাতি তাকে প্রথমে বঙ্গবন্ধু ও পরবর্তীতে জাতির পিতা হিসেবে বরণ করে করেছে। শুধু বঙ্গবন্ধু নয়, তাঁর গোটা পরিবার জাতিকে যে সেবা দিয়ে গিয়েছেন তা অতুলনীয়। কিন্তু পরবর্তীতে বঙ্গবন্ধু ও তাঁর পরিবার নিয়ে অনেক মিথ্যাচার ও অপপ্রচার হয়েছে। তাই সঠিক ইতিহাস রচনা এখন সময়ের দাবী।

বঙ্গবন্ধুর জীবনীর উপর আলোচনায় অংশ নিয়ে সুধীজন বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের অতি সাধারণ জীবনচারণ, বাংলা জাতির প্রতি সীমাহীন ভালবাসা, দেশের স্বাধীনতা অর্জন ও দেশ গঠনে তাঁর অনন্য ভূমিকা, বিশ্ব দরবারে বঙ্গবন্ধুর অশেষ মর্যাদা ও গ্রহনযোগ্যতা গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন। একই সাথে বঙ্গবন্ধুর আদর্শে নতুন প্রজন্মকে দেশপ্রেমিক হিসেবে গড়ে তোলা এবং বঙ্গবন্ধু হত্যার প্রকৃত ঘটনা উদঘাটনে গবেষণার উপর গুরুত্ব আরোপ করেন। অনুষ্ঠান শেষে জাতির পিতাসহ বঙ্গবন্ধু পরিবারের সকল শহীদদের রুহের মাগফিরাত কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।

উপরোক্ত কর্মসূচী ছাড়াও এ দিবস উপলক্ষ্যে আবুধাবিস্থ মুসাফ্ফা এলাকায় দূতাবাসের উদ্যোগে সাধারণ শ্রমিকদের অংশগ্রহণে বঙ্গবন্ধুর জীবনীর উপর আলোচনা ও বিশেষ দোয়া মাহফিল আয়োজন করা হয়।



শোকাবহ
১৫
আগস্ট

স্বাধীনতার মহান স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান -এর

৪৮তম শাহাদত বার্ষিকী ও
জাতীয় শোক দিবসে
সকল শহীদের প্রতি

গভীর শ্রদ্ধাঞ্জলি

১৫ আগস্ট, ২০২৩

দেশ দূতাবাস, আবুধাবি

“দুনিয়ার নেতারা জানে, দুনিয়ার মানুষ জানে
শেখ মুজিবুর রহমানকে খুন করা যায়
তার মাথা কেনা যায় না।”
-জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

শোকাবহ
১৫
আগস্ট

স্বাধীনতার মহান স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান -এর

৪৮তম শাহাদত বার্ষিকী ও
জাতীয় শোক দিবসে
সকল শহীদের প্রতি

গভীর শ্রদ্ধাঞ্জলি

১৫ আগস্ট, ২০২৩

দেশ দূতাবাস, আবুধাবি

“দুনিয়ার নেতারা জানে, দুনিয়ার মানুষ জানে
শেখ মুজিবুর রহমানকে খুন করা যায়
তার মাথা কেনা যায় না।”
-জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

